

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

ফিচার-০৮
উদয়পুর, ০৭ মে, ২০১৮

রাজর্ষি উৎসব
রবীন্দ্র অনুধ্যানে মাতোয়ারা মন্দির নগরী

।।তপন কুমার দাস।।

ইতিহাসের নানা উপাদানে সমৃদ্ধ উদয়পুর। ত্রিপুরার প্রাচীন রাজধানী রাজ্যমাটি তথা উদয়পুরকে নিয়ে জড়িয়ে আছে ইতিহাস ও কিংবদন্তীর এক যুগলবন্দী। উদয়পুরে সরোবর বেশী বলে কেউ বলেন সরোবর নগরী। আবার মন্দিরের আধিক্য বলে কেউ বলেন মন্দির নগরী। আবার পর্যটনের অন্যতম ক্ষেত্র উদয়পুর। শহর থেকে প্রায় দেড় কিলোমিটার দূরে অবস্থিত গ্রামটির নাম রাজনগর। রাজর্ষি বিসর্জন, মুকুট ইত্যাদি রবীন্দ্র রচনার ভিত্তিভূমি এ গ্রামের আজ সর্বত্র পরিচিতি। উদয়পুর সুপার মার্কেটের পাশের রাস্তা দিয়ে বদরমোকাম হয়ে রাজনগর পুরাতন রাজ বাড়ী চলার পথে চোখে পড়ে ত্রিপুর-নৃপতিদের উৎকৃষ্ট নির্মাণ রুচির নিদর্শন। মহারাজা ধন্যমানিক্য নির্মিত মহাদেব বাড়ী, মহারাজা কল্যাণ মানিক্যর গোপিনাথ মন্দির, মহারাজা গোবিন্দ মানিক্য নির্মিত গুণবতীর বিষ্ণু মন্দির - যা তিন মন্দির নামে অধিক পরিচিত, বদর সাহেবের দরগা, গোমতী নদীর তীরে মোঘল মসজিদ। পুরাতন রাজবাড়ী প্রাঙ্গণে একটি খালি মাঠে চোখে পড়ে মহারাজা দ্বিতীয় রত্নমানিক্য নির্মিত বিষ্ণু মন্দির। গোবিন্দ মানিক্যর পুরাতন রাজবাড়ী আর একটু এগিয়ে গেলে চোখে পড়ে রবীন্দ্র সাহিত্য-ধন্য রাজর্ষি উপন্যাসের পটভূমি ভুবনেশ্বরী মন্দির। এই মন্দিরকে কেন্দ্র করে প্রতি বছর আয়োজিত হয় রবীন্দ্র জয়ন্তীর অনুষ্ঠান রাজর্ষি উৎসব ও মেলা। রাজর্ষি উৎসব ঐতিহ্য, সংস্কৃতি ও পর্যটন শিল্পের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পটভূমি। রাজ্যের ও বহিঃরাজ্যের হাজারো পর্যটক আসেন মন্দির দর্শনে। আগামী ২৫ বৈশাখ(৯ মে) থেকে তিন দিনব্যাপী ১৬ তম রাজর্ষি উৎসব অনুষ্ঠিত হবে পুরাতন রাজবাড়ী ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গণে। এই উৎসবকে কেন্দ্র করে রাজ্য প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে। সম্প্রতি পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়ের সভাপতিত্বে উদয়পুর মহকুমা শাসকের কার্যালয়ে আসন্ন রবীন্দ্র জনাজয়ন্তী অনুষ্ঠান ও রাজর্ষি উৎসবের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উৎসবকে সুষ্ঠুভাবে সফল করতে ১টি উপদেষ্টা কমিটি, ১টি পরিচালন কমিটি ও কয়েকটি উপ-কমিটি গঠন করা হয়েছে। রাজর্ষি উৎসবকে কেন্দ্র করে অন্যান্য বছরের ন্যায় এবারও বিভিন্ন ধরনের প্রতিযোগিতামূলক অনুষ্ঠান, বৃক্ষ রোপণ, কবি প্রণাম, গ্রামীণ খেলাধুলা, বসে আঁকো, স্বাস্থ্য শিবির, শিশু ক্রীড়া, রবীন্দ্র কবিতা আবৃত্তি বিষয়ক কর্মশালা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। উৎসবকে কেন্দ্র করে পুরাতন রাজবাড়ী নতুন সাজে সেজে উঠেছে। মেলা প্রাঙ্গণকে মনোরম আলোকসজ্জায় সাজিয়ে তোলা হয়েছে। মেলায় সরকারের উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে প্রদর্শনী মন্ডপ খোলা হবে। রাজর্ষি উৎসব উপলক্ষ্যে একটি স্মরণিকাও প্রকাশ করা হবে। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তর, ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম, গোমতী জিলা পরিষদ এবং রাজর্ষি উৎসব কমিটির যৌথ উদ্যোগে রাজর্ষি মুক্তমঞ্চ আগামী ৯ মে সন্ধ্যায় ৬ টায় তিন দিনব্যাপী রাজর্ষি উৎসবের উদ্বোধন হবে। এই উৎসব ঘিরে পুরাতন রাজবাড়ী প্রাঙ্গণ সহ সমগ্র উদয়পুর শহর সেজে উঠেছে। এই উৎসব ও মেলার আনুষ্ঠানিক উদ্বোধন ক্ষণটির জন্য এখন সবার অধীর অপেক্ষা।
